

মডেল অ্যাক্টিভিটি টাস্ক
ভূগোল ও পরিবেশ
দশম শ্রেণি

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো :

১.১ যে জলবায়ুতে ঋতু পরিবর্তন হয় না সেটি হলো —

- ক) ভূমধ্যসাগরীয় জলবায়ু
- খ) সাভানা জলবায়ু
- গ) মৌসুমী জলবায়ু
- ঘ) নিরক্ষীয় জলবায়ু

১.২ ঠিক জোড়াটি নির্বাচন করো —

- ক) চাঁদ, সূর্য ও পৃথিবীর কেন্দ্রের একই সরলরেখায় অবস্থান — মরা কোটাল
- খ) পৃথিবীর সাপেক্ষে চাঁদ ও সূর্যের সমকোণে অবস্থান — মরা কোটাল
- গ) চাঁদ ও পৃথিবীর মধ্যে সর্বাধিক দূরত্ব — পেরিজি
- ঘ) চাঁদ ও পৃথিবীর মধ্যে সর্বনিম্ন দূরত্ব — অ্যাপোজি

১.৩ অতিবিরল জনঘনত্বযুক্ত একটি রাজ্য হলো —

- ক) পশ্চিমবঙ্গ
- খ) গোয়া
- গ) উত্তরপ্রদেশ
- ঘ) সিকিম

২. স্তম্ভ মেলাও :

‘ক’ স্তম্ভ	‘খ’ স্তম্ভ
২.১ বিশুদ্ধ কাঁচামাল	(ক) আটাকামা মরুভূমি
২.২ ক্রান্তীয় ঘূর্ণবাত	(খ) তুলো
২.৩ পেরু শ্রোত	(গ) ইয়াস

৩. সংক্ষিপ্ত উত্তর দাও :

৩.১ জোয়ার-ভাটার সৃষ্টিতে কেন্দ্র বর্হিমুখী বলের প্রভাব উল্লেখ করো।

৩.২ নিম্নলিখিত বিষয়ের ভিত্তিতে ঘূর্ণবাত ও প্রতীপ ঘূর্ণবাতের মধ্যে পার্থক্য নিরূপণ করো।

- (ক) বায়ুর চাপ
- (খ) স্থায়িত্ব
- (গ) আবহাওয়ার প্রকৃতি

৪. ভারতের কোন অঞ্চলে অধিকাংশ কফি উৎপাদন করা হয়? এই বাগিচা ফসল চাষের অনুকূল প্রাকৃতিক পরিবেশের বর্ণনা দাও।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।